দৈনিক বাংলা

তারিখ ... 6।1।83 ...
পৃষ্ঠা ... 1 কলাম ...

011

# এসএসসি : পরীক্ষক ভেদে গণিতের খাতায় ৩২ নম্বর হেরফের

(স্টাফ রিপোর্টার)

পরীক্ষক ভেদে একই এসএসসি পরীক্ষার গণিতের একই খাতায় ৩২ নম্বর পর্যন্ত হেরফের ঘটতে দেখা গেছে। সাধারণ গণিতের একটি উত্তর পত্র মূল্যায়ন করানো হয়েছে ৩০ জন পরীক্ষক দিয়ে। একজন সর্বোচ্চ নম্বর দিয়েছেন ৭৪। অন্য একজন সর্বনিম্ন নম্বর দিয়েছেন ৪২।

প্রচলিত পদ্ধতিতে এসএসসি পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে পরীক্ষক-ভেদে এধরনের তারতম্য ঘটে থাকে। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ছাত্রী কংকাবতী রায়ের এক গবেষণা থেকে এ তথ্য পাওয়া গেছে।

গবেষণায় গত বছরের এসএসসি পরীক্ষার বাংলা প্রথম পত্র ও সাধারণ গণিতের প্রশ্ন ও খাতা ব্যবহার করা হয়। সংশ্লিষ্ট বিষয়ে ঢাকা বোর্ডের পরীক্ষক ও পরীক্ষক হওয়ার যোগ্যতাসম্পন্ন ৬০ জন শিক্ষক খাতা দুটি দেখেন।

সাধারণ গণিতের একই খাতায় একজন পরীক্ষক ৪২ এবং অপর একজন পরীক্ষক ৭৪ নম্বর দিয়েছেন। ছয় নম্বর মানের একটি উত্তরে গাণিতিক চিহ্ন সংক্রান্ত ভুল থাকায় কেউ শূন্য, কেউ তিন কেউ দু নম্বর দিয়েছেন। আবার ভুল কোন পরীক্ষকের চোখে না পড়ায় তিনি পুরো নম্বরই দিয়েছেন। মূল্যায়নের এ ধরনের তারতম্যের জন্যে বাংলার চেয়ে গণিত বিষয়ে আদর্শ বিচ্যুতি বেশী হয়ে দাঁড়ায়।

গবেষণা পত্রে কংকাবতী রায় বলেন, একটিমাত্র খাতা দেখার সময়

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)